

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২২.১৯.১৮৩

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৬

২১ মে ২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ মহিউদ্দিন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ডামুড্যা, শরীয়তপুর কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই কর্মস্থল ত্যাগ করে বিগত ১১.০৫.১০১৯ তারিখ পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত কয়েকজন উপজেলা সমন্বয়কারীর [বর্তমান পদবি অফিসার (সাধারণ)] সাথে রাজশাহীতে পদোন্নতির দাবিতে প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক এর সাথে দেখা করার জন্য যান। যা গুরুতর অসদাচারণ ও শৃঙ্খলাভঙ্গের সামিল। আপনি উপজেলা সমন্বয়কারী/ অফিস প্রধান হিসেবে এহেন কার্যকলাপের মাধ্যমে অধীনস্থদের শৃঙ্খলাভঙ্গের জন্য উৎসাহিত করছেন। আপনার এরূপ কার্যকলাপ অফিস শৃঙ্খলার পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬নং শর্তানুযায়ী আপনাকে ০১(এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করার জন্য কেন আপনাকে চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ৬নং শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবেনা, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় আপনার বিরুদ্ধে একতরফা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



২২-৫-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব মোঃ মহিউদ্দিন, উপজেলা সমন্বয়কারী
আমার বাড়ি আমার খামার প্রকল্প, ডামুড্যা, শরীয়তপুর।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২২.১৯.১৮৩/১

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৬

২১ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, ডামুড্যা, শরীয়তপুর।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, শরীয়তপুর।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ডামুড্যা, শরীয়তপুর।
- ৭) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ডামুড্যা, শরীয়তপুর।



২২-৫-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক